

কালের বর্ধ

আপডেট : ৩ অক্টোবর, ২০২২ ১৯:১৫
বিশ্ব বসতি দিবস

কক্সবাজারে মহাপরিকল্পনা বাস্তবায়ন জরুরি : সেমিনার



আজ সোমবার বিশ্ব বসতি দিবস উপলক্ষে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কেউক) আয়োজিত সেমিনারে বক্তারা বলেছেন, দেশের প্রধান পর্যটন শহরটিকে পরিকল্পিতভাবে গড়তে সর্বাগ্রে মহাপরিকল্পনা (মাস্টারপ্ল্যান) বাস্তবায়ন করা জরুরি। মহাপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সকলের জন্য বসতি নিশ্চিত করতে হবে, যাতে পরবর্তী প্রজন্ম এর সুফল ভোগ করতে পারে। সেই সঙ্গে একটি টেকসই পদ্ধতিতে সুনীল অর্থনীতি, মৎস্য এবং ইকো-ট্যুরিজম খাতে বিনিয়োগ বাড়িয়ে দেশি-বিদেশি ভ্রমণকারীদের আকর্ষণ বাড়াতে হবে।

সেমিনারে বক্তারা আরো বলেন, কক্সবাজার সাগর ও পাহাড় নিয়ে গঠিত একটি উপকূলীয় এলাকা। এখানে ভূমির ব্যবহারে সুনির্দিষ্ট পরিকল্পনা নিতে হবে। জীবন-জীবিকা ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে দিন দিন এখানে মানুষ ভূমিহীন হচ্ছে। মেগাপ্রকল্প বাস্তবায়ন হওয়ার কারণে প্রতিনিয়ত ভূমির ব্যবহার হচ্ছে। তাই এসব নিয়ে সবাইকে ভাবার তাগিদ উঠেছে সেমিনারে।

কউক ভবনের মাল্টিপারপাস সম্মেলনকক্ষে আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন কল্পবাজার উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান কমোডর মোহাম্মদ নুরুল আবছার। এতে প্রধান অতিথির বক্তব্যে কুতুবদিয়া-মহেশখালীর সংসদ সদস্য আশেক উল্লাহ রফিক বলেন, ‘মুজিব বর্ষে প্রধানমন্ত্রী ভূমিহীনদের আবাসন নিশ্চিত করার ঘোষণা দিয়েছেন। উদ্যোগ গ্রহণ করে ভূমিহীনদের বাসস্থানের ব্যবস্থা করে তিনি ইতিমধ্যে বেশ প্রশংসিত হয়েছেন।’

সভাপতির বক্তব্যে কউক চেয়ারম্যান কমোডর মুহাম্মদ নুরুল আবছার বলেন, ‘কল্পবাজারকে একটি পরিকল্পিত শহর হিসেবে গড়ে তুলতে উন্নয়ন কর্তৃপক্ষ একটি মহাপরিকল্পনা হাতে নিয়েছে। তা বাস্তবায়িত হলে ভূমিহীনদের বাসস্থান নিশ্চিত সম্ভব হবে। কোনোভাবেই কল্পবাজারের কোনো ভূমি অপরিকল্পিতভাবে ব্যবহার করা যাবে না।’

তিনি আরো বলেন, কল্পবাজার বাংলাদেশের সবচেয়ে ঝুঁকিপূর্ণ উপকূলীয় শহরগুলোর মধ্যে একটি। তাই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার এবং স্থানীয় উপায়গুলো যাচাই করার মাধ্যমে এই অঞ্চল কার্যকরভাবে জলবায়ু সমাধানে অবদান রাখতে পারে। শহরটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা স্থানীয়করণের অবদান রাখার সম্ভাবনা রাখে। এ বিষয়ে কল্পবাজার স্থানীয় সরকার, বিশেষ করে কল্পবাজার উন্নয়ন কর্তৃপক্ষ বিশ্ব বসতি দিবসের উদ্দেশ্য পূরণ এবং সঠিক প্রতিফলন নিশ্চিত করার একটি অপরিহার্য ভূমিকা পালন করতে পারে।

সভায় অন্যদের মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ধর্ম বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট সিরাজুল মোস্তফা, কল্পবাজার পৌরসভার মেয়র মুজিবুর রহমান, কল্পবাজার প্রেস ক্লাবের সভাপতি আবু তাহের চৌধুরী, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ শাহজাহান বক্তব্য রাখেন।

এর আগে কউক ভবন থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com